

বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন

ব্যাংকক, ১৬ ডিসেম্বর ২০২৩

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক আজ যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন করে। অনুষ্ঠানের শুরুতে মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্য ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্য ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার শান্তি এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এরপর মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের মিনিষ্টার (রাজনৈতিক) ও মিশন উপপ্রধান মিজ মালেকা পারভীন, এনডিসি; মিনিষ্টার (কনস্যুলার) জনাব হাসনাত আহমেদ; কাউন্সেলর (ইকনোমিক) জনাব সারোয়ার আহমেদ সালেহীন এবং কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী। উক্ত অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় আওয়ামী লীগ ও প্রবাসী বাংলাদেশি কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনা পর্বে আগত অতিথিবৃন্দ মহান বিজয় দিবসের তাৎপর্য সম্পর্কে আলোচনা করেন। দূতাবাসের মিনিষ্টার (রাজনৈতিক) ও মিশন উপপ্রধান মিজ মালেকা পারভীন, এনডিসি তাঁর বক্তব্যে শুরুতে মহান স্বাধীনতা যুদ্ধে শাহাদত বরণকারী বীর শহীদ ও মুক্তিযুদ্ধে সশ্রম মহারা নারীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি নতুন প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া, এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজির বাংলাদেশ এসোসিয়েশন এর প্রেসিডেন্ট জনাব মোহাম্মদ আল আমিন সরদার, থাইল্যান্ড আওয়ামী লীগ এর ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোস্তাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জনাব নেয়ামত আলী তালুকদার বাংলাদেশ কমিউনিটির পক্ষ হতে আলোচনাপর্বে অংশগ্রহণ করেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল বীর মুক্তিযোদ্ধাকে গভীরভাবে স্মরণ করে উপস্থিত সুধীমন্ডলীকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান, মুক্তিযুদ্ধের কঠিন সময়ে বিজয়ের পূর্ব মুহূর্ত পর্যন্ত শহীদ বুদ্ধিজীবীদের ঢাকায় অবস্থান করে মুক্তিযুদ্ধে সহযোগিতা প্রদানের মাধ্যমে বিজয় নিশ্চিতকরণ ইত্যাদি বিষয় আলোচনা করেন। তিনি নতুন প্রজন্মকে তাদের মেধা ও শ্রম দিয়ে দেশ গঠন করার আহবান জানান।

এরপর, বিজয় দিবস ২০২৩ উপলক্ষ্যে দূতাবাস প্রাঙ্গণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিগণ অংশগ্রহণ করেন। এছাড়া, দূতাবাস কর্তৃক প্রবাসী বাঙালি শিশু-কিশোরদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে থাইল্যান্ডে

অবস্থানরত প্রবাসী বাংলাদেশি শিশু- কিশোররা অংশগ্রহণ করে। পরবর্তীতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেকেকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।v এছাড়া প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রতিযোগীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

মহান বিজয় দিবসের অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

উল্লেখ্য, মহান বিজয় দিবস উপলক্ষ্যে গত ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে দূতাবাস কর্তৃক ব্যাংককস্থ রেডক্রস সোসাইটিতে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে স্বেচ্ছায় রক্তদান করেন। এছাড়া, দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীগণও স্বেচ্ছায় রক্তদান করেন। উক্ত অনুষ্ঠানে দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই, মিনিস্টার (কনসুলার) জনাব হাসনাত আহমেদ এবং কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান উপস্থিত ছিলেন।

এছাড়া, মহান বিজয় দিবস উপলক্ষ্যে গত ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে দূতাবাসের সহযোগিতায় থাইল্যান্ডের Chonburi প্রদেশের পাতায়ার Horse Shoe Point এ Bangladesh Community in Thailand Cricket Club কর্তৃক আয়োজিত T-10 ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত ক্রিকেট প্রতিযোগিতায় ৪টি ক্রিকেট দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বাংলাদেশ দল চ্যাম্পিয়ন হয়। উক্ত ক্রিকেট প্রতিযোগিতায় মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই এবং মিনিস্টার (কনসুলার) জনাব হাসনাত আহমেদ উপস্থিত ছিলেন। মান্যবর রাষ্ট্রদূত চ্যাম্পিয়ন দলকে পুরস্কার প্রদান করেন।

